

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ডুমি অফিস
চারঘাট, রাজশাহী
www.acl.charghat.rajshahi.gov.bd

স্মারক নং- ৩১.৪৩.৮১২৫.০০৫.০২.০০২.২৫- ৮০৯

তারিখ: ০২ আষাঢ়, ১৪৩২
১৬ জুন, ২০২৫

নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী কার্যালয়ের অন্তর্গত চারঘাট ইউনিয়ন ডুমি অফিসের সীমানা প্রাচীরের পাশে একটি মরা কীঠাল গাছ ও একটি জাম গাছের প্রকাশ্য নিলাম ডাক আগামী ১৮/০৬/২০২৫ খ্রিঃ তারিখ সকাল ১০:০০ ঘটিকায় সহকারী কমিশনার (ডুমি), চারঘাট, রাজশাহী এর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

নিলাম ডাকের শর্তাবলী:

- ক) প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণকারীকে ৫০০ টাকা নাজির কাম-ক্যাশিয়ারের নিকট অগ্রিম জামানত হিসেবে জমা দিয়ে ডাকে অংশগ্রহণ করতে হবে (ফেরতযোগ্য)।
- খ) নিলাম ডাক গ্রহণ কার্যক্রম শেষ হওয়ার সাথে সাথে ডাকের সমুদয় টাকা এবং তৎসহ ১০% আয়কর ও ১৫% ভ্যাটসহ জমা দিতে হবে।
- গ) উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশ/ কার্যাদেশ না পাওয়া পর্যন্ত গাছসমূহ স্থানান্তর করা যাবে না।
- ঘ) নিলাম ডাকের সমুদয় গাছ নিজ খরচে অপসারণ করতে হবে।
- ঙ) নিলাম ডাকের গাছসমূহ নির্দিষ্ট স্থান হতে অপসারণের আগ পর্যন্ত বিক্রি বা কারো নিকট হস্তান্তর করা যাবে না।
- চ) কর্তৃপক্ষ যেকোনো কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন সময় যেকোনো নিলাম ডাক বাতিল বা আংশিক পরিবর্তন/পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ছ) নিলাম ডাকে একটি প্রাক্কলিত মূল্য নির্ধারিত থাকবে যা বেজ প্রাইস বা সর্বনিম্ন মূল্য হিসেবে বিবেচিত হবে।
- জ) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের নাজির কাম ক্যাশিয়ার জনাব লুৎফর আলম সোহান, একজন উপযুক্ত জনপ্রতিনিধি ও ২ জন গণ্যমান্য ব্যক্তি নিলাম অনুষ্ঠানটি পরিচালনা করবেন।

০২। আগ্রহী ব্যক্তিগণকে ধার্য তারিখ ও সময়ে অনুষ্ঠিতব্য নিলাম ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।


২৬/৬/২৫

(জান্নাতুল ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার

ও

সহকারী কমিশনার (ডুমি)(অঃদাঃ)
চারঘাট, রাজশাহী

মোবাইল- ০১৭৬৫১৫২০২৫

e-mail: aclandcharghat@gmail.com

বিতরণ: জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। জেলা প্রশাসক, রাজশাহী (সদয় অবগতির জন্য);
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক, (রাজস্ব), রাজশাহী (সদয় অবগতির জন্য);
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট, রাজশাহী (সদয় অবগতির জন্য);
- ৪। উপজেলা প্রকৌশলী, চারঘাট, রাজশাহী;
- ৫। অফিসার ইনচার্জ, চারঘাট মডেল থানা, রাজশাহী;